

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 14-11-2024  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) আগামীকাল জনজাতি গৌরব দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ৬ হাজার ৬৪০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পে উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।
- (২) খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, বাজারে মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণে রাখতে রাজ্য সরকার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে।
- (৩) কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরা এক ইনিংস ও ৪৯ রানে মিজোরামকে পরাজিত করেছে।

\*\*\*\*\*

**Janajatiya Gourav Diwas :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল জনজাতি গৌরব দিবসের অনুষ্ঠানে ঘোগ দিতে বিহারের জামুই সফর করবেন। সেখানে ধরতি আবা ভগবান বিরসা মুগ্নার ১৫০তম জন্মবার্ষিকী বৰ্ষ উদযাপনের সূচনা করে প্রধানমন্ত্রী আগামীকাল সকালে ভগবান বিরসা মুগ্নার সম্মানে একটি স্মারক মুদ্রা এবং ডাকটিকিট প্রকাশ করবেন। তিনি এই অঞ্চলের গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলে উপজাতীয় সম্প্রদায়ের উন্নয়ন এবং পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে ৬,৬৪০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

\*\*\*\*\*

### **Dharti Aaba Janajatiya Utkarsh Abhiyan :**

জনজাতি জনগোষ্ঠীর সার্বিক বিকাশে আগামীকাল থেকে রাজ্য শুরু হচ্ছে ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান। আগামীকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, কেন্দ্রীয় উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিংহিয়া। পশ্চিম ত্রিপুরা জেলা শাসক ডাক্তার বিশাল কুমার আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে এখবর জানান। তিনি জানান, ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান উপলক্ষ্যে আগামীকাল সকালে বর্ণাত্য রেলি এবং সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

এদিকে, উনকোটি জেলার জেলাশাসক দিলীপ কুমার চাকমা জানান, আগামীকাল জনজাতীয় গৌরব দিবস উনকোটি জেলাতেও উদযাপিত হবে। জেলাভিত্তিক অনুষ্ঠানটি হবে কুমারঘাটের গীতাঞ্জলি অডিটরিয়ামে। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের ১০০টি জেলার সংগে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে মতবিনিময় করবেন, উনকোটি জেলা এর মধ্যে অন্যতম। সিপাহীজলা জেলায় মূল অনুষ্ঠানটি হবে বিশ্রামগঞ্জের শচীন দেববর্মণ কলাক্ষেত্রে।

\*\*\*\*\*

### **President :**

আগামীকাল জনজাতি গৌরব দিবস। এই দিবসের প্রাক্কালে আজ রাত আটটায় জাতির উদ্দেশ্যে ভাষণ দেবেন রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু। আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে এই ভাষণ সরাসরি সম্প্রচার করা হবে। তাছাড়াও আকাশবাণীর বিলোনিয়া এবং কৈলাসহর কেন্দ্র থেকেও এই ভাষণ শোনা যাবে।

\*\*\*\*\*

### **Central Minister :**

কেন্দ্রীয় খাদ্য জনসংভরন ও ক্রেতা স্বার্থ বিষয়ক প্রতিমন্ত্রী নিমুবেন জয়ন্তীভাই বামভানিয়া আজ দুদিনের ধলাই জেলা সফরের উদ্দেশ্যে বিকেলে পৌঁছেছেন। তিনি আজ ডলুবাড়ি গেইট দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে যান এবং পঠনপাঠন বিষয়ে ছাত্রছাত্রী ও বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে মত বিনিময় করেন। এরপর তিনি কুলাইস্থিত সর্বজয়া সি এল এফ.এ বিভিন্ন সহায়ক দলের দিদিদের সঙ্গে মত বিনিময় করেন। ধলাই জেলা হসপাতালে গিয়ে চিকিৎসা পরিষেবা সম্পর্কে খোঁজখবর নেন ও চিকিৎসকদের সঙ্গে কথা বলেন। এরপর তিনি ধলাই জেলার জেলা শাসকের কার্যালয়ে পদস্থ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হন।

কেন্দ্রীয় মন্ত্রী আগামীকাল আমবাসায় অনুষ্ঠেয় জন জাতীয় গৌরব দিবস উদযাপন কর্মসূচিতে অংশ নেবেন।

\*\*\*\*\*

#### **Food Minister :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, বাজারে মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণে রাখতে রাজ্য সরকার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে। মহকুমা প্রশাসনের নজরদারীতে আলু, পেঁয়াজ সহ অন্যান্য নিত্য প্রয়োজনীয় সামগ্রির মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণে রাখতে বাজারগুলিতে অভিযান চলছে। রাজ্যের প্রতিটি বাজার কমিটির সম্পাদক, সভাপতি, রেশন ডিলার এবং প্রশাসনিক আধিকারিকদের সাথে নিয়ে আগামী কয়েক দিনের মধ্যেই জেলা পর্যায়ে পর্যালোচনা বৈঠক হবে। তিনি জানান, রাজ্য পেট্রোপণ্যের সংকট খুব সহসাই মিটে যাবে। ইতিমধ্যে পেট্রোপণ্যবাহী রেল ওয়াগন রাজ্য আসতে শুরু করেছে।

\*\*\*\*\*

#### **Mass Swachhta Pledge :**

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের বরিষ্ঠ অর্থনৈতিক উপদেষ্টা, রবীন্দ্র কুমার জেনা আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে কর্মকর্তাদের গণস্বচ্ছতার শপথ পাঠ করান। আকাশবাণীর মহানির্দেশক ড. প্রজ্ঞা পালিওয়াল গৌর, অতিরিক্ত মহানির্দেশক এল. মধু নাগ এবং অন্যান্য উর্ধ্বর্তন কর্মকর্তারা নতুন দিল্লির আকাশবাণী ভবনে স্বচ্ছতার শপথ গ্রহণ করেন।

\*\*\*\*\*

#### **State Level Children's Day :**

সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া আজ বিলোনীয়ার শচীন দেববর্মণ অডিটোরিয়ামে রাজ্যভিত্তিক শিশু দিবস অনুষ্ঠানের উদ্বোধন করেন। পৌরহিত্য করেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ জওহরলাল নেহেরুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন ও বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন।

\*\*\*\*\*

#### **Jahar Lal Nehru-Congress :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলায় দেশের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর জন্মজয়ন্তী যথাযথ মর্যাদায় উদযাপন করা হয়। জহরলাল নেহেরুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, কংগ্রেস সহসভাপতি শান্তি রঞ্জন দেবনাথ সহ অন্যান্য নেতৃবৃন্দ। এরপর গান্ধীঘাটে জহরলাল নেহেরুর শহীদ বেদীতে শ্রদ্ধা নিবেদন করেন তারা।

\*\*\*\*\*

#### **World Diabetic Day :**

বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষ্যে আজ অল ত্রিপুরা ডায়াবেটিক ফোরামের উদ্যোগে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী প্রাঙ্গন থেকে একটি সচেতনতামূলক রেলির আয়োজন করা হয়। রেলিটি রবীন্দ্র

শতবার্ষিকী ভবন থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার এই রেলীর সূচনা করেন।

সিপাহীজলা জেলার প্রতিটি স্বাস্থ্য কেন্দ্রে আজ ডায়াবেটিস পরীক্ষা ও সচেতনতামূলক আলোচনা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

#### **Cooperative Week :**

৭১তম অধিল ভারত সমবায় সপ্তাহ উদযাপন উপলক্ষে আজ আগরতলার টাউনহলে বিকশিত ভারত নির্মাণে সমবায়ের ভূমিকা শীর্ষক এক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। আলোচনা চক্রের উদ্বোধন করেন অর্থমন্ত্রী প্রণজিঃ সিংহ রায় সমবায় সপ্তাহ উদযাপনের তাৎপর্য ব্যাখ্যা করে বিস্তারিত বক্তৃব্য রাখেন। অনুষ্ঠানে পৌরহিত্য করেন সমবায় মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া। উল্লেখযোগ্য সাফল্যের জন্য আজ এই অনুষ্ঠানে বেশ কয়েকটি সমবায় সমিতিকে পুরস্কৃত করা হয়।

\*\*\*\*\*

#### **Cooch Behar Trophy :**

নরসিংগড়ের পিটি এ মাঠে আয়োজিত কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরা এক ইনিংস ও ৪৯ রানে মিজোরামকে পরাজিত করেছে। এই ম্যাচ থেকে রাজ্যদল বোনাস সহ ৭ পয়েন্ট পায়।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনে সর্বোচ্চ

তাপমাত্রা ছিল ৩১.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯.৪ ডিগ্রি  
সেলসিয়াস।

\*\*\*\*\*

আগামী কাল জনজাতি গৌরব দিবস। বিরসা মুন্ডার ১৫০ তম জন্মবর্ষ উপলক্ষে সিপাহীজলা জেলাতেও দিনটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। আজ সিপাহীজলা জেলাশাসক অফিসের সভাগৃহে এক সংবাদিক সম্মেলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের প্রস্তুতি সম্পর্কে বিস্তারিত তুলে ধরেছেন জেলার অতিরিক্ত জেলাশাসক রিঙ্কু লাথার। তিনি জানিয়েছেন জেলার মূল অনুষ্ঠানটি হবে বিশ্রামগঞ্জ শচীন দেববর্মন কলাক্ষেত্রে। জেলাভিত্তিক এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। অনুষ্ঠানে জনজাতীয় কৃষ্টি সংস্কৃতি পরিবেশিত হওয়ার পাশাপাশি থাকবে পরম্পরাগত খাবার ও জিনিসের স্টল। তাছাড়া প্রধানমন্ত্রীর উপস্থিতিতে অনুষ্ঠিত হতে যাওয়া কেন্দ্রীয় অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার দেখানো হবে। জনজাতি গৌরব দিবস উপলক্ষে চালু হতে যাওয়া "ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযা"-এর জন্য সিপাহীজলা জেলার ৩৮ টি গ্রামকে চিহ্নিত করা হয়েছে। গোটা দেশের পাশাপাশি সিপাহীজলা জেলাতেও জনজাতি গৌরব বর্ষ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি রূপায়িত হবে বলে জানিয়েছেন অতিরিক্ত জেলাশাসক।